

স্মারক নং-৩১.৬০.৫৮৮৩.০০০.০৩.০০৫.১৪.২০-২১৬

তারিখ: ৪ঠা চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
১৮ মার্চ ২০২৫ খ্রি.

প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি


এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত ১২.০১.২০২৫ খ্রি. তারিখে গ্রীমশাল উপজেলাধীন রামনগর মৌজার গাজীপুর গ্রামের কানু মিমার বাড়ীর নিকটে ৩০,০০০ ঘনফুট অবৈধভাবে উত্তোলিত বালু ছন্দ করা হয়। জেলা প্রশাসক, মৌলভীবাজার মহোদয়ের কার্যালয়ের রাজস্ব শাখার ১২/০৩/২০২৪ খ্রি. তারিখের ৬০৮নং স্মারকের নির্দেশনা মোতাবেক আগামী ২৪.০৩.২০২৫ খ্রি. তারিখ, রোজ: সোমবার, নিম্নবর্ণিত নির্ধারিত স্থান ও সময়ে উন্মুক্ত নিলামের মাধ্যমে ছন্দকৃত বালু বিক্রয় করা হবে। বালু নিলামে ক্রয়ে আগ্রহী ব্যক্তিদের ছন্দকৃত বালুর স্থান পরিদর্শন পূর্বক যথাসময়ে নিলাম কার্যে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

নিলামের স্থান, সময় ও বালুর পরিমাণ

ক্রমিক নং	যে স্থানে নিলাম অনুষ্ঠিত হবে	বালুর পরিমাণ	সময়
০১	গাজীপুর, রামনগর	৩০,০০০ ঘনফুট	১১:৩০ ঘটিকা

নিলাম ডাকের শর্তাবলী

- ১। প্রকাশ্য নিলামে অংশগ্রহণেচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানকে নির্দিষ্ট তারিখ ও সময়ে নিলাম কমিটির নিকট ১০,০০০/- (দশ হাজার টাকা) জমা দিয়ে নিলাম ডাককারী হিসেবে তালিকাভুক্ত হতে হবে।
- ২। সর্বোচ্চ নিলাম ডাককারীর জমাকৃত ১০,০০০/- (দশ হাজার টাকা) জামানত হিসেবে জমা থাকবে এবং অকৃতকার্য নিলাম ডাককারীর জামানতকৃত টাকা একই দিনে ফেরত দেয়া হবে।
- ৩। কৃতকার্য নিলাম ডাককারীকে ডাককৃত মোট টাকা সশো সশো পরিশোধ করতে হবে। সমুদয় টাকা নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধে ব্যর্থ হলে নিলাম ডাক বাতিল বলে গণ্য হবে এবং ডাককারীর জামানতকৃত টাকা বাজেয়াপ্ত হবে।
- ৪। মূল্য নির্ধারণ কমিটির সুপারিশকৃত ভিত্তিমূল্যের অধিক সর্বোচ্চ ডাককারীর নামে নিলাম বরাদ্দ হবে। ডাকের সমুদয় অর্থ (ভ্যাট ও আয়করসহ) আগামী ২৫.০৩.২০২৫ তারিখের মধ্যে ট্রেজারি চালানোর মাধ্যমে সরকারি কোষাগারে জমা দিতে হবে। চালানোর মূলকপি নিম্নবাকরকারীর কার্যালয়ে জমা দিয়ে দখলদেহী সংগ্রহ করতে হবে।
- ৫। সর্বোচ্চ নিলাম ডাককারী ব্যক্তিকে ক্রয়কৃত মোট মূল্যের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর ট্রেজারি চালানোর মাধ্যমে নির্ধারিত কোডে জমা প্রদান করতে হবে।
- ৬। নিলামে ক্রয়কৃত বালু দখলদেহী পাওয়ার ২০ দিনের মধ্যে অপসারণ করতে হবে। কোন অবস্থাতেই বালু নির্ধারিত সময়ের অধিক সময় স্টক করা যাবে না।
- ৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল নিলাম ডাক গ্রহণ, বাতিল বা সম্পূর্ণ নিলাম প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


(মোহাম্মদ ইউসুফ)
সহকারী কমিশনার (ভূমি)
গ্রীমশাল, মৌলভীবাজার।

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। উপজেলা নির্বাহী অফিসার, গ্রীমশাল, মৌলভীবাজার।
- ২। নির্বাহী প্রকৌশলী, বাপাউবো, মৌলভীবাজার।
- ৩। রেভিনিউ ডেপুটি কম্পেটর, মৌলভীবাজার।
- ৪। অফিসার ইনচার্জ, গ্রীমশাল থানা। (নিলাম অনুষ্ঠানের সময় প্রয়োজনীয় সংখ্যক পুলিশ সদস্য মোতায়েনের জন্য।)
- ৫। উপজেলা প্রকৌশলী, গ্রীমশাল, মৌলভীবাজার।
- ৬। সহকারী প্রোগ্রামার, গ্রীমশাল (বিজ্ঞপ্তিটো ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
- ৭। চেয়ারম্যান, ৯নং আশিদ্দান ইউনিয়ন পরিষদ, গ্রীমশাল।